

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
কর্মসংস্থান শাখা-০১
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.১০১.১১.০০৩.১৬.

তারিখ : ০৮-১১-২০১৭ খ্রিঃ

বিষয় : সৌদি আরবের Al Tamimi Manpower Recruitment Office এর অধীনে ২টি চাহিদাপত্রে General Building Cleaning Labor পদে মোট ৩৪+১৮=৫২ (বায়ান্ন) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সি দাহমাশি কর্পোরেশন লিমিটেড (আরএল-৭২৭)-এর আবেদনের প্রেক্ষিতে সৌদি আরবের Al Tamimi Manpower Recruitment Office এর অধীনে ২টি চাহিদাপত্রে General Building Cleaning Labor পদে মোট ৩৪+১৮=৫২ (বায়ান্ন) জন পুরুষ কর্মীর নিয়োগানুমতি নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :

কোম্পানীর নাম	পদের নাম	কর্মী সংখ্যা	বেতন (মাসিক)	অন্যান্য সুবিধাদি
Al Tamimi Manpower Recruitment Office	General Building Cleaning Labor	৩৪+১৮= ৫২ (বায়ান্ন) জন	১১০০ (সৌদি রিয়াল)	খাবার, বাসস্থান, যাতায়াত, চিকিৎসা, ফ্রি; চুক্তির মেয়াদ- ০২ বছর, কর্মঘণ্টাঃ-চাহিদাপত্রে উল্লেখ নেই বিমান ভাড়া-এক পথ ফ্রি চাকুরির অন্যান্য শর্তাবলী সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

মোট ৩৪+১৮=৫২ (বায়ান্ন) জন

শর্তাবলী :

- প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে সৌদি আরবে যাবেন অথবা সংশ্লিষ্ট বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।
- প্রত্যেক গ্রুপে বাংলাদেশের কর্মীরা সৌদি আরবে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসে প্রতিবেদন দাখিল করবে।
- বহির্গমন ছাড়পত্র ইস্যু করার পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।
- বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে মূল চাহিদা পত্র/ক্ষমতা পত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।
- কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ সর্বোচ্চ ১,৬৫,০০০/- (এক লক্ষ পঁয়ষাট হাজার) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।
- চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবাসন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/=(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
- চাকুরির শর্তাবলী সৌদি আরবের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।
- এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
- সৌদি ভিসার অনলাইন সিস্টেম (Enjaz IT) থেকে হালনাগাদ তথ্য যাচাই করতে হবে।
- বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযোজ্য না হলে তা কর্মীর উপর বার্তাবে না।

- (ট) দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি পরীক্ষান্তে নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।
- (ঠ) মূল চাহিদাপত্র ও ক্ষমতাপত্রের Attestation-এর বিষয়টি সতর্ক পরীক্ষা করবে।
- (ড) ১ জুলাই ২০১৭ থেকে ডাটাবেজ কার্যকর হওয়ায় ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক (বিএমইটি) নিশ্চিত করবেন এবং মন্ত্রণালয়কে অবহিত করবেন।

(ডক্টর কাজী কামরুন নাহার)
উপসচিব
ফোন : ৮৩২২৫১৯

মহাপরিচালক
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

নং-৪৯.০০.০০০০.১০১.১১.০৩৩.১৫. ৭৪৬

তারিখ : ০৮-১১-২০১৭ খ্রিঃ

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১. যুগ্মসচিব (কর্মসংস্থান), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২. যুগ্মসচিব (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪. কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, রিয়াদ/জেদ্দা, সৌদি আরব।
৫. সচিব-মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৬. সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. ব্যবস্থাপনা পরিচালক, দাহমাশি কর্পোরেশন লিঃ, বাড়ি নং-৩৩/এ, রোড নং-১২, ব্লক-এইচ, বনানী, ঢাকা-১২১৩।
৮. অফিস কপি।

(ডক্টর কাজী কামরুন নাহার)
উপসচিব
ফোন : ৮৩২২৫১৯